রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ২৩, ২০১৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ/২১ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৮-আইন/২০১৩।**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **বিধিমালার নাম।**—এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) "ইউনিয়ন পরিষদ" অর্থ আইনের ধারা ১০ এর অধীন গঠিত ইউনিয়ন পরিষদ;

(গ) "উন্নয়ন পরিকল্পনা" অর্থ পঞ্চবার্ষিকী এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনা;

(ঘ) "ওয়ার্ড সভা" অর্থ আইনের ধারা ৪ এর অধীন গঠিত ওয়ার্ড সভা;



মূল্য ঃ টাকা ৮.০০

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(চ) "পরিকল্পনা প্রণয়ন কমিটি" অর্থ বিধি ৬ অনুযায়ী গঠিত কমিটি;

(ছ) "প্রকল্প" অর্থ ইউনিয়ন পরিষদ কর্তৃক উন্নয়ন পরিকল্পনার ভিত্তিতে গৃহিত উন্নয়ন প্রকল্প;

(জ) "স্থায়ী কমিটি" অর্থ আইনের ধারা ২(৪৮) এ সংজ্ঞায়িত স্থায়ী কমিটি।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ ও অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **উন্নয়ন পরিকল্পনা।**—(১) ইউনিয়ন পরিষদ উহার উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নের লক্ষ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করিবে।

(২) ইউনিয়ন পরিষদ পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসরণক্রমে প্রতি বৎসর উহার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিবে।

(৩) ইউনিয়ন পরিষদ স্থানীয় পর্যায়ে যে সকল প্রকল্প বাস্তবায়নে দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করিয়াছে এবং যে ধরনের প্রকল্পের জনগণের চাহিদা রহিয়াছে, সে সকল প্রকল্প অগ্রাধিকারের ক্রমানুসারে উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করিবে।

(৪) সরকার বা জেলা পরিষদ বা উপজেলা পরিষদ কর্তৃক ইউনিয়ন পরিষদে স্থানান্তরিত প্রকল্প বা স্কীম উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত হইবে।

(৫) ইউনিয়ন পরিষদের এলাকার মধ্যে জাতীয় পর্যায়ের যে সকল প্রকল্প বাস্তবায়নাধীন রহিয়াছে বা বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হইয়াছে বা বাস্তবায়নের প্রয়োজন রহিয়াছে, সে সকল প্রকল্প উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যাইবে।

(৬) ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন বেসরকারি সংস্থার (এনজিও) যে সকল প্রকল্প বাস্তবায়নাধীন রহিয়াছে বা বাস্তবায়নের প্রস্তাব করা হইয়াছে, সে সকল প্রকল্পও উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত করা যাইবে।

(৭) প্রতিটি প্রকল্প কোন সংস্থা কর্তৃক বাস্তবায়িত হইবে উহা উন্নয়ন পরিকল্পনায় উল্লেখ করিতে হইবে।

(৮) সরকারের দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতিফলন উন্নয়ন পরিকল্পনায় থাকিবে।

(৯) উন্নয়ন পরিকল্পনায় ভৌত অবকাঠামো, সেবা, সামাজিক উন্নয়ন, বেসরকারি উন্নয়ন সংস্থা বা ব্যক্তি উদ্যোক্তাদের মাধ্যমে বাস্তবায়নযোগ্য উন্নয়ন কার্যক্রম বা প্রকল্পসমূহ পৃথকভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(১০) উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট পরিকল্পনার একটি আর্থিক প্রাক্কলন প্রস্তুত করিতে হইবে।

৪। **উন্নয়ন পরিকল্পনা সূচি**।—উন্নয়ন পরিকল্পনায় অন্যান্য বিষয়ের সহিত নিম্নবর্ণিত তথ্যাবলি অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রতিটি ক্ষেত্রে পরিকল্পনার পরিমাপযোগ্য ভৌত লক্ষ্যমাত্রা;

(খ) নির্দিষ্ট প্রকল্প,

(গ) কর্মসূচি বাস্তবায়নে লোকবলের প্রয়োজনীয়তা এবং প্রযোজ্য ক্ষেত্রে, সরকার, উপজেলা পরিষদ, জেলা পরিষদ বা অন্য কোনো সরকারি বা বেসরকারি সংস্থার নিকট হইতে প্রত্যাশিত সহযোগিতা;

(ঘ) পরিকল্পনার জন্য আর্থিক সম্পদের পরিমাণ এবং উহা অর্জনের প্রস্তাবিত পদ্ধতি;

(ঙ) স্থানীয় পর্যায় হইতে পাওয়া যাইবে এইরূপ অর্থ বা সম্পদ বা অসংঘভুক্ত শ্রমিক;

(চ) পরিকল্পনা বাস্তবায়নের বার্ষিক ক্রমপঞ্জি; এবং

(ছ) প্রকল্প সমাপ্তির পর আবর্তক ব্যয়, অর্থায়নের প্রস্তাবিত পদ্ধতি এবং রক্ষণাবেক্ষণের অন্যান্য ব্যবস্থাদি।

৫। **উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সময়**।—(১) ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করিয়া পরিষদের সভায় উহা অনুমোদন করিতে হইবে।

(২) সংশ্লিষ্ট অর্থ বৎসরের পূর্ববর্তী ফেব্রুয়ারি মাসে পরিকল্পনা প্রণয়ন কমিটি বার্ষিক উন্নয়ন পরিকল্পনার খসড়া প্রণয়ন করিয়া উহা পরীক্ষা-নিরীক্ষার জন্য ওয়ার্ড সভায় প্রেরণ করিবে এবং ওয়ার্ড সভার মতামতের ভিত্তিতে মার্চ মাসের প্রথম সপ্তাহের মধ্যে খসড়া চূড়ান্ত করিতে হইবে।

(৩) ৩১ মার্চের মধ্যে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার খসড়া পরিষদের সভায় উপস্থাপন করিতে হইবে এবং পরিষদ সংশোধনসহ বা সংশোধন ব্যতীত উহা অনুমোদন করিবে।

(৪) পরিকল্পনার যে কোনো সংশোধনী বা অন্তর্ভুক্তির ক্ষেত্রে পরিষদের অনুমোদন প্রয়োজন হইবে।

৬। **পরিকল্পনা প্রণয়ন কমিটি গঠন ও উহার কার্যপদ্ধতি**।—(১) উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি পরিকল্পনা প্রণয়ন কমিটি থাকিবে, যথা :—

(ক) পরিষদ কর্তৃক মনোনীত একজন সদস্য, যিনি ইহার আহ্বায়কও হইবেন;

(খ) পরিষদের সচিব, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন; এবং

(গ) পরিষদের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ।

(২) পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন কমিটি নিম্নবর্ণিত কার্যপদ্ধতি অনুসরণ করিবে, যথা :—

(ক) ওয়ার্ড সভার মাধ্যমে জনসংযোগ ও জনসাধারণের মতামত গ্রহণ;

(খ) প্রকল্প চিহ্নিতকরণ ও কারিগরি বিশ্লেষণ;

(গ) পরিকল্পনার রূপরেখা প্রণয়ন;

(ঘ) তালিকা প্রণয়ন ও অগ্রাধিকার নির্ণয়;

(ঙ) স্থায়ী কমিটির নিকট হইতে বিভাগীয় বা সেক্টরভিত্তিক ধারণা, দৃষ্টিভঙ্গি ও প্রকল্প প্রস্তাব গ্রহণ।

(৩) তালিকা প্রণয়ন ও অগ্রাধিকার নির্ণয়ের ক্ষেত্রে স্থানীয় উন্নয়নমূলক সেবা ও অর্থনৈতিক কার্যক্রমের চাহিদা বা সামাজিক সমস্যা বা স্থানীয় দাবীসমূহ বিবেচনা করিতে হইবে।

(৪) ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং সরকারি বিভাগ বা দপ্তরের মাধ্যমে যে সকল প্রকল্প বা কার্যক্রম বাস্তবায়িত হইয়াছে বা বাস্তবায়নাধীন রহিয়াছে এবং বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হইয়াছে সে সকল বিষয়ে পরিকল্পনা প্রণয়ন কমিটি বিস্তারিত তথ্য সংগ্রহ করিবে এবং বেসরকারি সংস্থা (এনজিও) স্থানীয়ভাবে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করিতেছে সে সম্পর্কেও তথ্যাবলি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের প্রাক্কালে কমিটি বিবেচনা করিবে।

৭। **উন্নয়ন পরিকল্পনা রেজিস্টার সংরক্ষণ ও ব্যবহার**।—(১) উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে তফসিলের নমুনা অনুযায়ী একটি রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে, যাহা উন্নয়ন পরিকল্পনা রেজিস্টার নামে অভিহিত হইবে।

(২) পরিষদের নিজস্ব অর্থ ব্যয়ে কোনো প্রকল্প বা কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে উন্নয়ন পরিকল্পনা রেজিস্টারে অন্তর্ভুক্ত প্রকল্প বা কার্যক্রম হইতে প্রকল্প বা কার্যক্রম গ্রহণ করিতে হইবে এবং উন্নয়ন পরিকল্পনা রেজিস্টারে অন্তর্ভুক্ত নাই এমন কোনো প্রকল্প বা কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

(৩) জরুরীভিত্তিতে বিশেষতঃ দুর্যোগ মোকাবিলার নিমিত্ত জনগুরুত্বপূর্ণ কোনো কার্যক্রম গ্রহণ করিতে হইলে, সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সুপারিশ ও পরিষদের অনুমোদনক্রমে, উক্ত কার্যক্রম উন্নয়ন পরিকল্পনা রেজিস্টারে তাৎক্ষণিকভাবে অন্তর্ভুক্ত করা যাইবে।

(৪) উন্নয়ন পরিকল্পনা রেজিস্টারে অবকাঠামো, যেমন-সড়ক, পুল, কালভার্ট, নদী, খাল, বিল এবং ভবনাদি নির্মাণ বা সংস্কার ইত্যাদির জন্য মানচিত্রের ব্যবহার করিতে হইবে।

(৫) ইউনিয়ন পরিষদের নিজস্ব অর্থ ব্যয়ে উন্নয়ন পরিকল্পনা রেজিস্টার হইতে প্রকল্প গ্রহণ বা কার্যক্রম বাছাইয়ের জন্য নিম্নরূপ সদস্য সমন্বয়ে একটি কমিটি থাকিবে, যথা ঃ—

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) ইউনিয়ন পরিষদের সচিব, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন;

(গ) ইউনিয়ন পরিষদের সদস্য এবং বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ।

(৬) প্রকল্প বা কার্যক্রম বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ খাতভিত্তিক বিভাজন অনুসরণ করা যাইবে, যথা :—

| খাতসমূহ | বরাদ্দ | |
|---|---|---|
| | সর্বনিম্ন পরিমাণ | সর্বোচ্চ পরিমাণ |
| ১। **কৃষি ও ক্ষুদ্র সেচ ঃ**<br>(ক) **কৃষি ও সেচ ঃ** নিবিড় শস্য কর্মসূচি, প্রদর্শনী খামার, বীজ সরবরাহ, পরিপার্শ্বিক বৃক্ষরোপণসহ সামাজিক বনায়ন, ফলমূল ও শাক-সবজি চাষ, জলনিষ্কাশন ও সেচ ব্যবস্থা, ছোট ছোট বন্যা নিরোধক বাঁধ এবং ক্ষুদ্র সেচ কাঠামো নির্মাণ। | ১০% | ১৫% |
| (খ) **মৎস্য ও পশু সম্পদ ঃ** পুকুর খনন, মজাপুকুর সংস্কার, গ্রামীণ মৎস্য খামার, হাঁস মুরগী ও গবাদি পশুর উন্নয়ন। | ৫% | ১০% |
| (গ) **ক্ষুদ্র ও কুটির শিল্প ঃ** ক্ষুদ্র ও কুটির শিল্প ওয়ার্কশপ কর্মসূচি, দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ ও সম্প্রসারণ, আয় বর্ধক কর্মতৎপরতা, ইত্যাদি। | ৫% | ৭% |
| ২। **বস্তুগত অবকাঠামো ঃ**<br>(ক) **পরিবহন ও যোগাযোগ ঃ** রাস্তা, নির্মাণ, পল্লী পূর্ত কর্মসূচি, ছোট ছোট সেতু, কালভার্ট নির্মাণ, পুনঃ নির্মাণ ও উন্নয়ন। | ১২% | ২০% |
| (খ) **গৃহ নির্মাণ ও বস্তুগত পরিকল্পনা ঃ** হাট ও বাজার, গুদামজাতকরণের সুযোগ-সুবিধা, কমিউনিটি সেন্টার। | ৫% | ৭% |
| (গ) **জনস্বাস্থ্য ঃ** পল্লী জল সরবাহের ব্যবস্থা, স্বল্প ব্যয়ে পায়খানা নির্মাণ, প্রভৃতি। | ১৫% | ২০% |
| ৩। **আর্থ সামাজিক অবকাঠামো ঃ**<br>(ক) **শিক্ষার উন্নয়ন ঃ** শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেণিকক্ষ, খেলার মাঠ, শিক্ষার উপকরণের উন্নয়ন ও সরবরাহ। | ৭% | ১৫% |
| (খ) **স্বাস্থ্য ও সমাজকল্যাণ ঃ** স্বাস্থ্যগত পরিচ্ছন্নতা ও পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, ইপিআই কর্মসূচি, যুবক ও মহিলা কল্যাণসহ সমাজ কল্যালমূলক কর্মকাণ্ড। | ১০% | ২০% |
| (গ) **ক্রীড়া ও সংস্কৃতি ঃ** খেলাধূলা, ক্রীড়া, সাংস্কৃতিক তৎপরতা, শিশুদের শারীরিক, মানসিক ও সাংস্কৃতিক উন্নয়ন। | ১০% | ২০% |
| (ঘ) **বিবিধ ঃ** জন্ম মৃত্যুর রেজিস্ট্রিকরণ সংক্রান্ত কার্য, দুর্যোগ পরবর্তী ত্রাণকার্য (প্রয়োজনবোধে ইউনিয়ন জরীপ ও উন্নয়নমূলক কার্য তদারকী ব্যয় হিসাবে ১% অর্থ এই খাত হইতে ব্যবহার করা যাইবে। | ১০% | ২০% |

(৭) উন্নয়ন পরিকল্পনা রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও নিম্নবর্ণিত খাতে পরিষদ নিজস্ব অর্থ ব্যয়ে বা সরকারের অর্থ ব্যয়ে কোনো প্রকল্প বা কার্যক্রম গ্রহণ বা বাস্তবায়ন করিতে পারিবে না, যথা :—

(ক) সরকারের কোনো বিভাগের বকেয়া পরিশোধের জন্য ব্যয়, যেমন-বকেয়া বেতন বা অন্য কোনো ঘাটতি বা পাওনা পরিশোধ;

(খ) সরকারের সংরক্ষিত (retained) বিষয়ের কার্যক্রমে অর্থ ব্যয়;

(গ) পরিষদের রেভিনিউ খাতে অর্থ ব্যয়;

(ঘ) ব্যয়বহুল সাজ-সরঞ্জাম, আসবাবপত্র বা বিলাস দ্রব্য ক্রয়;

(ঙ) টেলিফোন স্থাপন, ভূমি উন্নয়ন কর, পৌর কর ও বিদ্যুৎ বিল পরিশোধ করা;

(চ) কোনো কর্মচারী নিয়োগ বা ভাতা পরিশোধ;

(ছ) দিবস উদ্‌যাপন, সপ্তাহ পালন, মেলা বা প্রদর্শনী অনুষ্ঠান;

(জ) ক্যাফেটেরিয়া বা রেস্তোরাঁ নির্মাণ;

(ঝ) কোনো প্রকারের যানবাহন ক্রয়;

(ঞ) টেনিস খেলার মাঠ নির্মাণ;

(ট) নতুন স্কুল, কলেজ বা মাদ্রাসা স্থাপন;

(ঠ) কোনো ক্লাব বা সমিতি ভবন নির্মাণ;

(ড) কিন্ডার গার্টেন স্কুল স্থাপন;

(ঢ) অফিস চত্বর সুন্দরকরণ।

৮। **উন্নয়ন পরিকল্পনা মূল্যায়ন**।—ইউনিয়ন পরিষদ প্রতি বৎসর উন্নয়ন পরিকল্পনা মূল্যায়ন করিবে এবং প্রয়োজনে, সংশোধন করিবে।

৯। **সরকারের অনুমোদন**।—ইউনিয়ন পরিষদ কর্তৃক সরকারের পক্ষ হইতে অনুদান, আর্থিক অথবা কারিগরী সহযোগিতার প্রয়োজন হইলে, ইউনিয়ন পরিষদ উন্নয়ন পরিকল্পনায় উহা অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন করিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে অনুমোদনের জন্য সরকারের নিকট দাখিল করিবে।

১০। **উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন**।—উন্নয়ন পরিকল্পনার যে সকল বিষয় বাস্তবায়নের জন্য বিধি ৯ অনুযায়ী সরকারের অনুমোদন প্রয়োজন হইবে, সে সকল ক্ষেত্রে সরকারের অনুমোদন ও বাজেট বরাদ্দ না পাওয়া পর্যন্ত উহা বাস্তবায়ন করা যাইবে না।

১১। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Union Councils (Development Plans) Rules, 1960 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Rules এর অধীন কৃত কার্য বা গৃহিত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**তফসিল**

**[ বিধি ৭(১) দ্রষ্টব্য ]**

**উন্নয়ন পরিকল্পনা রেজিস্টারের নমুনা**

| জাতীয় প্রকল্প | ইউনিয়ন পরিষদের প্রকল্প | ব্যক্তি বা বেসরকারি উদ্যোক্তা প্রকল্প | অন্যান্য প্রকল্প |
|---|---|---|---|
| জাতীয় পরিকল্পনা খাত-ভিত্তিক স্থানীয় অংশ যাহা বিভিন্ন সরকারি সংস্থার অধীনে বিভাজ্য অংশ হিসাবে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নযোগ্য | ইউনিয়ন পরিষদের নিজস্ব প্রকল্পসমূহ | শিল্প ও বাণিজ্যিক উদ্যোগ/প্রকল্প | জাতীয় সংসদ সদস্যের অগ্রাধিকার প্রকল্প |
| | উপজেলা পরিষদের প্রকল্পসমূহ | ব্যাংকিং/ঋণ কার্যক্রম | |
| ইউনিয়ন পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের প্রকল্পসমূহ | পৌরসভার প্রকল্পসমূহ | এনজিও এর প্রকল্প | সরকারের বিশেষ কোনো প্রকল্প |
| | জেলা পরিষদের প্রকল্পসমূহ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd